

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী ও আবাসিক শিক্ষার্থীদের পর এবার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীরাও করোনার টিকা পাচ্ছেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত এক আদেশে নতুন করে এ নির্দেশনা দেওয়া হয়।

এতে আরও বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষক-কর্মচারীর বয়স ৪০ বা তদূর্ধ্ব তাদের **ডি.ি.বি.ডি.শশ্যধ.মড়া.নফ-** তে নিবন্ধন করে ভ্যাকসিন গ্রহণ করতে হবে। আর যেসব শিক্ষক ও কর্মচারীর বয়স ৪০-এর নিচে তাদের তালিকা এবং শিক্ষার্থীদের তালিকা মন্ত্রণালয়ের পাঠানো ছকে স্বাস্থ্য অধিদপ্তরে মহাপরিচালকের কাছে সফট কপি পাঠাতে হবে। মন্ত্রণালয় শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য আলাদা দুটি ছক তৈরি করেছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের নাম, পদবি, জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্মতারিখ, জেলা ও উপজেলা পাঠাতে হবে। শিক্ষার্থীদের ক্ষেত্রে পদবির জায়গায় শিক্ষার্থীর নাম ও শ্রেণি উল্লেখ করতে হবে।

সরকারের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আতিকুল ইসলাম বলেন, নিঃসন্দেহে এটা খুবই ভালো সিদ্ধান্ত। এতে শিক্ষার্থীরা ক্লাসে আসতে অনুপ্রেরণা পাবে।